

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ৪, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

প্রশাসন শাখা-৬

প্রজ্ঞাপন

তারিখ, ৪ জুন ২০০৬/২১ জ্যৈষ্ঠ ১৪১৩

এস, আর, ও নং ১০৩-আইন/২০০৬।—The Building Construction Act, 1952 (E. B. Act No. II of 1953) এর section 18 এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার 'ঢাকা মহানগর ইমারত নির্মাণ বিধিমালা, ২০০৬' এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উক্ত বিধিমালার বিধি ৭৫ এর পর নিম্নরূপ নূতন বিধি ৭৬ সংযোজিত হইবে, যথা :—

“৭৬। অন্তর্বর্তীকালীন বিশেষ বিধান।—এই বিধিমালার অন্যান্য বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালা কার্যকর হওয়া সত্ত্বেও, ২০০৬ ইং সনের ৩০শে জুন এর মধ্যে ইমারত নির্মাণ বিধিমালা, ১৯৯৬ এর অধীন কোন কার্য কর্তৃপক্ষের নিকট নিষ্পত্তির অপেক্ষাধীন থাকিলে উহা উক্ত সময়ের মধ্যে সংশ্লিষ্ট বিধিমালা অনুসারে এইরূপে নিষ্পত্তি করিতে হইবে যেন এই বিধিমালা কার্যকর হয় নাই।”

রাষ্ট্রপতির আদেশক্রমে

ইকবালউদ্দিন চৌধুরী

সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(২৪২৫)

মূল্য : টাকা ২.০০